# বিএনপির চাপেই সিদ্ধান্ত নিচ্ছে ইসি: নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন বিএনপির চাপে পরিচালিত হচ্ছে এমন অভিযোগ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)।

সোমবার (১৯ জানুয়ারি) সন্ধ্যায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠক শেষে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম সাংবাদিকদের জানান, ইসি ঋণখেলাপি ও দ্বৈত নাগরিকত্ব ইস্যুতে একপাক্ষিক অবস্থান নিয়েছে। তিনি বলেন, আইনি কাঠামো উপেক্ষা করে সংস্কারের বিপক্ষে গিয়ে বিএনপির চাপেই এসব প্রার্থীদের নির্বাচনে সুযোগ দেওয়া হচ্ছে।

নাহিদ ইসলাম আরও বলেন, নির্বাচন কমিশন নিরপেক্ষতা বজায় রাখতে না পারলে সুষ্ঠু নির্বাচন প্রশ্নবিদ্ধ হবে। কমিশন যদি একটি নির্দিষ্ট দলের অনুকূলে কাজ করে, তবে রাজনৈতিক অস্থিরতা বাড়বে এবং মাঠে নামতে বাধ্য হবে এনসিপি।

LENS ASIA

দ্বৈত নাগরিক ও ঋণখেলাপিদের পক্ষে দেওয়া সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে যাওয়ার ঘোষণা দিয়ে তিনি বলেন, সংবিধানের ভুল ব্যাখ্যার মাধ্যমে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই সঙ্গে বিএনপির সাম্প্রতিক রাজনৈতিক কার্যক্রম ও প্রচারণা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন।

বৈঠকে এনসিপির প্রতিনিধি দলে দলের মুখপাত্র ও নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াসহ অন্য সদস্যরাও উপস্থিত ছিলেন।